








প্রথম নজর

মধ্যপ্রাচ্যের অস্থিরতায় বাড়লো জ্বালানি তেলের দাম



আপনজন ডেস্ক: ফিলিস্তিনের গাজা উপত্যকায় দখলদার ইসরায়েল ও স্বাধীনতাকামী গোষ্ঠী হামাসের মধ্যে যুদ্ধকে কেন্দ্র করে গোটো মধ্যপ্রাচ্যে উত্তেজনা শুরু হয়েছে। বিশেষ করে ইরাকে ইসরায়েলের গোয়েন্দা সংস্থার কার্যালয়ে ইরানের হামলার পর সংঘাত ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে।

দুপুরে ফেপপাঞ্জ হামলা চালিয়েছে ইরানের ইসলামিক রেলভ্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)। এতে অন্তত চার জন নিহত হয়েছেন। একই সময় সিরিয়ায় বেশ কয়েকটি ‘সন্ত্রাসী’ লক্ষ্যবস্তুতেও আঘাত হয়েছে ইরান। আইআরজিসি-এর বিবৃতি উল্লেখ করে ইরানি বার্তা সংস্থা আইআরএনএ জানিয়েছে, ইরাকের কুদিস্তানের রাজধানী ইরবিলে হামলা চালিয়ে ‘একটি গুপ্তচর সদর দপ্তর’ এবং ‘ইরানবিরোধী সন্ত্রাসী গোষ্ঠীর ঘাঁটি’ ধ্বংস করা হয়েছে।

ইরানের রাষ্ট্রদূতকে বহিস্কার করলো পাকিস্তান



আপনজন ডেস্ক: পাকিস্তানের আকাশসীমা লঙ্ঘনের দায়ে দেশটিতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূতকে বহিস্কারের ঘোষণা দিয়েছে ইসলামাবাদ। একইসঙ্গে তেহরান থেকে নিজেদের দূতকেও প্রত্যাহার করে নিয়েছে পাকিস্তান।

স্থানীয় জঙ্গি গোষ্ঠী জইশ আল-আরায়ের দুটি ঘাঁটিতে বিমান থেকে ফেপপাঞ্জ হামলা চালায় ইরান। আকাশসীমা লঙ্ঘন করে ইরানের চালানো এই হামলায় পাকিস্তানে অন্তত দুই শিশু নিহত ও আরও তিনজন আহত হয়েছেন। এই হামলা নিয়ে প্রতিবেশী দুই দেশের মাঝে তীব্র উত্তেজনা তৈরি হয়েছে।

ইস্তাম্বুলে ফিলিস্তিনের স্বাধীনতা শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত



আপনজন ডেস্ক: তুরস্কের ইস্তাম্বুলে ফ্রিডম ফর প্যালেস্টাইন শীর্ষক আন্তর্জাতিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গত ১৪-১৫ জানুয়ারি অনুষ্ঠিত এ সম্মেলনে বিশ্বস্ত গাজায় যুদ্ধবিরতিসহ ফিলিস্তিনের স্বাধীনতা প্রতিষ্ঠার দাবি জানানো হয়।

সম্মেলনের মিডিয়া কর্মকর্তা আলী ইবরাহিম বলেন, ‘ফিলিস্তিনীদের ভূমি পুনরুদ্ধার ও স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠার অধিকার সম্পর্কে বিশ্ববাসীকে জানাতে এই সম্মেলন আয়োজন করা হয়।

হুখিদের সঙ্গে যুদ্ধে জড়াতে চায় না যুক্তরাষ্ট্র



আপনজন ডেস্ক: মধ্যপ্রাচ্যের দেশ ইয়েমেনের বিদ্রোহী গোষ্ঠী হুখিদের সঙ্গে যুক্তরাষ্ট্র যুদ্ধে জড়াতে চায় না বলে জানিয়েছে হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা মুখপাত্র জন কিরবিন।

শুক্রবার (১২ জানুয়ারি) রাজধানী সানা’হ ইয়েমেনের বিভিন্ন জায়গায় যৌথ হামলা চালায় যুক্তরাষ্ট্র ও যুক্তরাষ্ট্র। তবে হুখি জানিয়েছে, যতদিন গাজায় ইসরায়েলের হামলা চলবে ততদিন তারাও হামলা চালিয়ে যাবে।

গাজায় যুদ্ধ : ত্রাণ-জিম্মি ইস্যুতে চুক্তি হামাস-ইসরায়েলের



আপনজন ডেস্ক: গাজা উপত্যকায় ত্রাণের সরবরাহ আরও বাড়ানো এবং উপত্যকা নিয়ন্ত্রণকারী গোষ্ঠী হামাসের হাতে আটক জিম্মিদের সুরক্ষা ও সুস্থতা নিশ্চিত করতে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে ইসরায়েল এবং হামাসের মধ্যে।



দোহা থেকে মিসরের উদ্দেশ্যে পাঠানো হবে। তারপর মিসর সেখান থেকে ত্রাণ ও জিম্মিদের জন্য ওষুধ ও অন্যান্য প্রয়োজনীয় জিনিস যাবে গাজায়।

গাজায় গণহত্যার প্রমাণ লুকাতে গুগলকে ঘুষ দিচ্ছে ইসরায়েল



আপনজন ডেস্ক: গাজায় ইসরায়েলি হামলায় গত ২৪ ঘণ্টায় আরও ১৬৩ ফিলিস্তিনি নিহত হয়েছেন। আর হয়েছেন ৩৫০ জন।

চাঞ্চল্যকর তথ্য উঠে এসেছে তুর্কি সংবাদমাধ্যম ডেইলি সাবাহ-এর এক প্রতিবেদনে। বলা হচ্ছে, ব্যবহারকারীদের কাছে ইসরায়েলি প্রোগ্রামার ওয়েবসাইটগুলো বেশি করে দেখানোর জন্য যুক্তরাষ্ট্রভিত্তিক সার্চ ইঞ্জিন গুগলকে বিপুল অঙ্কের অর্থ পরিশোধ করতে হলে চলবে।

ছড়িয়ে-ছিটিয়ে


বিশ্বে ধূমপায়ীদের সংখ্যা কমছে: ডব্লিউএইচও



আপনজন ডেস্ক: সাম্প্রতিক বছরগুলোতে বিভিন্ন দেশের প্রাপ্তবয়স্কদের মধ্যে ধূমপান ছাড়ার প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। গত দু-তিন বছর ধরে এই প্রবণতা আরও গতিশীল হয়েছে।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৫৫ মি. ইফতার: সন্ধ্যা ৫.২০ মি.



নামাজের সময় সূচি

Table with 3 columns: ওয়াক্ত (Prayer Time), শুরু (Start), শেষ (End). Rows for Fajr, Dhuhr, Asr, Magrib, and Tahajjud.

সুইডেনে ৫৮ বছরের মধ্যে সর্বনিম্ন তাপমাত্রা



আপনজন ডেস্ক: চলতি শীত মরসুমে কয়েক দশকের রেকর্ড ভেঙে ফেলেছে সুইডেনের তাপমাত্রা। দেশটির উত্তরাঞ্চলের ডিটাঙ্গি গ্রামের তাপমাত্রা চলতি মাসের প্রথম সপ্তাহে মাইনাস ৪৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে নেমেছে, যা দেশটির গত ৫৮ বছরের মধ্যে সর্বনিম্ন।

আগুন নিয়ে খেলবেন না: ফিলিপাইনকে চিন




আপনজন ডেস্ক: তাইওয়ানের নির্বাচন অনুষ্ঠানের পর নতুন নেতা লাই চিং তে-কে অভিনন্দন জানানোর কারণে ফিলিপাইনকে ঊর্ধ্বায়ার করেছে চীন।

মায়ানমারের ৩৩ শহর দখল নিল বিদ্রোহীরা



আপনজন ডেস্ক: মায়ানমারের বিদ্রোহীরা মঙ্গলবার সেনাবাহিনীর আরও একটি যুদ্ধবিমান ভূপাতিত করেছে।

চুরির অভিযোগে নিউজিল্যান্ডের এমপি পদত্যাগ



আপনজন ডেস্ক: দোকান থেকে চুরির বেশ কয়েকটি অভিযোগে পদত্যাগ করেছে নিউজিল্যান্ডের পার্লামেন্ট সদস্য গোলরিজ ঘাহরামান।

এটি করেছে, যা তার চরিত্রের সম্পূর্ণ বাইরে। তিনি বলেন, আমি অনেককাল হতাশ করছি। আমি খুবই দুঃখিত।









